

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
এপিএ, ইনোভেশন এবং সেবা সহজিকরণ শাখা
www.dss.gov.bd

স্মারক নং: ৪১.০১.০০০০.০২৩.০৫.০০১.২৪.০৮

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০
১০ মার্চ ২০২৪


পরিপত্র

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ১.১.১ অনুযায়ী এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ২৫৯-২৬২ নং নির্দেশনা ও সেবা পদ্ধতি সহজিকরণ ম্যানুয়াল, ২০১৫ এর আলোকে ১৬/০৩/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম একটি সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের অফিস আদেশ জারির বাধ্যবাধকতা রয়েছে। এরই ধারাবাহিকতায়, মোঃ আরিফুজ্জামান, সমাজসেবা অফিসার, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত 'রেজিষ্টার ও স্বয়ংক্রিয় রিপোর্ট সিস্টেম' উদ্ভাবনী ধারণাটি ইনোভেশন টিম, সমাজসেবা অধিদপ্তর এর গত ৩০ নভেম্বর ২০২২ তারিখের সভায় গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে, গত ০৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদপ্তর মহোদয় কর্তৃক উদ্ভাবনী ধারণাটির কারিগরি ও আর্থিক প্রস্তাব চূড়ান্ত অনুমোদন প্রাপ্ত হয়েছে।

'রেজিষ্টার ও স্বয়ংক্রিয় রিপোর্ট সিস্টেম' উদ্ভাবনী ধারণাটির অনুমোদিত কারিগরি প্রস্তাব অনুসারে www.rmsinnovation.com সিস্টেমটি ডেভেলপমেন্ট সম্পন্ন হয়েছে। সিস্টেমটির মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনার আওতায় আর্থিক বিল প্রক্রিয়াকরণের সকল ধাপসমূহ অতি সহজে সম্পন্ন করা যাবে এবং একই সাথে রেকর্ড সংরক্ষণ সহজ হবে।

বর্ণিত অবস্থায়, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক [(১.১.১) {সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত}] অনুযায়ী সমাজসেবা অধিদপ্তরের সকল প্রকার প্রকল্প এবং মাঠপর্যায়ের সকল কার্যালয়কে 'রেজিষ্টার ও স্বয়ংক্রিয় রিপোর্ট সিস্টেম' (www.rmsinnovation.com) বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(সৈয়দ মোঃ নুরুল বাসির)
ইনোভেশন অফিসার
এবং
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
২. চিফ ইনোভেশন অফিসার এবং অতিরিক্ত সচিব, (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন ও অর্থ / কার্যক্রম/ প্রতিষ্ঠান/ সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)
৫. উপসচিব, পরিকল্পনা ও উন্নয়ন-১ শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সদস্য (সকল), ইনোভেশন টিম, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৯. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।
১০. উপপরিচালক, এপিএ, ইনোভেশন এবং সেবা সহজিকরণ শাখা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
১১. মোঃ আরিফুজ্জামান, সমাজসেবা অফিসার, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
১২. জনাব / বেগম.....